



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২০-০৮-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৬.২০১৫-৩৫২ নং স্মারক পত্র।
ক) অধ্যক্ষ মহোদয়ের ২৫-০৮-২০১৫ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-২১৪৫) আবেদন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৫ তারিখ হতে ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্যে কলেজটিকে সম্পূর্ণ অস্থায়ীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রম হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত কলেজে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকবে।

১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরাজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্ব্যচনিক বিষয় সমূহ :

- ক) মানবিক বিভাগ : যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন, ইসলাম শিক্ষা এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সার্চিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।
গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ, রসায়ন, জীব বিদ্যা, উচ্চতর গণিত।

শর্তাবলী :

- ১। কলেজটি স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও পাশের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৫। এনটিআরসিএ সনদধারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগ ও মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে।
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৭। বেসরকারী কলেজের ক্ষেত্রে অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৯। নির্বাহী কমিটির মেয়াদ শেষ হবার পর বিধি মোতাবেক কমিটি গঠন করে জমা দিতে হবে।
- ১০। বোর্ডের পূর্বনুমতি ছাড়া কোন বিষয়/বিভাগে শিক্ষার্থী ভর্তি ও পাঠদান করা যাবে না।
- ১১। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ১২। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ১৩। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- ১৪। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ১৫। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সফ্রহ করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ

মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার শিকদার কলেজ
ডাক : ধাওড়া, শৈলকুপা, ঝিনাইদহ।

স্বাক্ষর :

(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/ ৮০(১১)/৭

তারিখ : ০৩/০৮/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাখা-৯, (কলেজ-৪)।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সভাপতি, পরিচালনা পরিষদ, মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার শিকদার কলেজ, ডাক : ধাওড়া, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১১। অফিস নথি।

(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর